



ব্রাহ্মণবাড়িয়ায় রেলপথে আগুন, ট্রেন চলাচল সাময়িক বন্ধ



সংগৃহীত ছবি

ব্রাহ্মণবাড়িয়ার দুবলা এলাকায় বুধবার গভীর রাতে রেললাইনে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। এতে ঢাকা থেকে চট্টগ্রামগামী কয়েকটি যাত্রীবাহী ট্রেন এক ঘণ্টার মতো আটকে থাকে।

রেলওয়ে সূত্র জানিয়েছে, রাত ২টার দিকে অজ্ঞাতপরিচয় দুর্বৃত্তরা রেললাইনের একটি অংশে আগুন লাগায় ট্রেন চলাচল বন্ধ করতে বাধ্য হন কর্তৃপক্ষ। পুলিশ ও রেলওয়ের কর্মীরা দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং আগুন নেভানোর পর ট্রেনগুলো পুনরায় চলাচল শুরু করে।

আখাউড়া রেলওয়ে থানার ওসি এস এম শফিকুল ইসলাম বলেন, “দুর্বৃত্তরা আগুন লাগিয়ে পালিয়ে গেছে। দ্রুত ব্যবস্থা নেওয়ায় কোনো বড় দুর্ঘটনা ঘটেনি। বর্তমানে ট্রেন চলাচল স্বাভাবিক রয়েছে।”

LENS ASIA